

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

নম্বর-০৫.৪২.১৯৭২.০২৩.০০.০০৫.২৩-০১

তারিখঃ ২০ পৌষ ১৪২৯
০৪ জানুয়ারি ২০২৩

‘ নিয়োগ বিজ্ঞপ্তি ’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১১.০০৮.১৬.৭৮৩ নম্বর স্মারক মোতাবেক রাজস্ব খাতে সৃজিত সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে নিম্নে উল্লেখিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম, গ্রেড পদের সংখ্যা, বেতন স্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা যদি থাকে।
১	২	৩	৪
০১	সাঁট-মুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটর, (১৪ তম গ্রেড) পদের সংখ্যা ০১(এক) টি, ১০২০০-২৪৬৮০/- (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স ১৮-৩০ বছর (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর)	০১। কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ০২। word processing, data entry & typing ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতিঃ ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। খ) ইংরেজী প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। ০৩। ক) বাংলা শর্টহ্যান্ডে গতি প্রতি মিনিটে ৪৫ শব্দ। খ) ইংরেজী শর্টহ্যান্ডে গতি প্রতি মিনিটে ৭০ শব্দ।

নিয়োগের শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- ০২। প্রার্থী বাংলাদেশের নাগরিক নহেন এমন কাউকে বিবাহ অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হলে আবেদন অযোগ্য বলে বিবেচিত হবে।
- ০৩। ১৯/০১/২০২৩ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বৎসর হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৪। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ তারিখ -২২/০৯/২০২২ খ্রিঃ অনুযায়ী কোভিড-১৯ পরিস্থিতির কারণে প্রার্থীদের বয়স ২৫/০৩/২০২০ তারিখ পর্যন্ত সর্বোচ্চ বয়স সীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করিতে পারবেন।
- ০৫। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে), বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম আবেদনে উল্লেখ করতে হবে।
- ০৬। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
 - ক। আবেদনের সাথে সদ্যতোলা পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি ৩কপি।
 - খ। প্রার্থীর বয়স যাচাইয়ের জন্য জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ অবশ্যই দাখিল করতে হবে।
 - গ। পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - ঘ। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারত্রিক সনদপত্র।
 - ঙ। সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি।
 - চ। অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - ছ। প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে তাঁর পিতা-মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ডিজিটাল সার্টিফিকেট সহ অন্যান্য কাগজাদি সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

জ। আবেদনপত্রের সাথে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা বরাবরে যে কোন তফসিলী ব্যাংক হতে ৫০০ (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার (যাহা অফেরযোগ্য) সংযুক্ত করতে হবে।

ঝ। লিখিত ও মৌখিক পরিক্ষায় অংশ গ্রহণের জন্য নির্ভুল ঠিকানায় বাছাই পরীক্ষার চিঠি প্রেরণ/গ্রহণের সুবিধার্থে প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত অব্যবহৃত ১৫(পনেরো) টাকার ডাক টিকেটযুক্ত (৫" x ১০") ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্র আগামী ১৯/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাইতে হবে। উক্ত তারিখের পর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৮। অসম্পূর্ণ/ ক্রটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা যথাযথভাবে সংরক্ষণ করা হবে।

১০। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। আবেদনপত্রে কোন অস্বীকৃত কপি গ্রহণযোগ্য হবে না।

১১। নির্বাচনী পরীক্ষায় প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৩। নিয়োগ বিজ্ঞপ্তি লাকসাম উপজেলা ওয়েবসাইটে (www.laksam.comilla.gov.bd) পাওয়া যাবে।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০২৩.০০.০০৫.২৩-০১(১২)

তারিখ: ২০ পৌষ ১৪২৯
০৪ জানুয়ারি ২০২৩

অনুলিপি: জ্ঞাতার্থে / বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

১. জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২. সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপসচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-১ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
৮. সম্পাদক, বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ০১(এক) দিনের জন্য ক্ষুদ্র আকারে স্বল্প পরিসরে (০৪ ইঞ্চি/১০ ইঞ্চি কলামে) প্রকাশ করতঃ পত্রিকার ০৩(তিন) কপি এবং বিল কপিসহ অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯. অফিস কপি।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।